



भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

RBI/2016-17/57

DCBR.BPD (PCB).BC.No.3/12.05.001/2016-17

সেপ্টেম্বর 1, 2016

মুখ্য কার্য নির্বাহী অধিকারিকগণ
বেতন উপার্জনকারীদের প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাংকসমূহ

মহাশয়া/প্রিয় মহাশয়

সদস্য নয় এমন ব্যক্তিদের মেয়াদী জমার সাপেক্ষে অগ্রিম প্রদান

আমাদের আগস্ট 8, 2001 তারিখাঙ্কিত সার্কুলার UBD.No.BL.(SEB)5A/07.01.00-2001/02 অনুসারে, বেতন উপার্জনকারীদের প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাংকসমূহ (SEBs) যারা শাখা খোলার জন্য আবেদন করেছেন, তাদের নিশ্চিত করতে হবে যে, অন্যান্য বিষয়সহ, তাদের উপবিধিতে বহিরাগতদের (সদস্য নয় এমন ব্যক্তিদের) সদস্য/ মনোনীত সদস্য হিসাবে নথিভুক্ত করে ঋণ প্রদানের কোন ধারা নেই।

2. ডিসেম্বর 14, 2015 তারিখের স্বনিযুক্ত উপদেষ্টা সমিতির 32তম সভার বিবেচনা অনুসারে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে SEBগুলিকে সদস্য নয় এমন ব্যক্তিদের মেয়াদী জমার সাপেক্ষে অগ্রিম প্রদান করার অনুমতি দেওয়া হবে:

(i) অক্টোবর 13, 2014 এবং জানুয়ারী 28, 2015 তারিখাঙ্কিত আমাদের সার্কুলার যথাক্রমে UBD.CO.LS (PCB) Cir.No.20/07.01.000/2014-15 এবং DCBR. CO.LS (PCB) Cir.No.4/07.01.000/2014-15-এর নির্দেশ অনুসারে SEBগুলিকে আর্থিক স্বচ্ছলতা পূরণ করতে হবে এবং সেগুলিকে সঠিকভাবে পরিচালিত হতে হবে।

(ii) SEB গুলিতে নির্দেশক পরিষদের একটি হিসাব-পরীক্ষা সমিতি থাকতে হবে যেটি গঠিত হয়েছে আমাদের জুলাই 25, 1994 তারিখাঙ্কিত সার্কুলার UBD.No.Plan.(PCB).9/09.06.00-94/95 –এর নির্দেশ অনুপালনের মাধ্যমে।

(iii) SEB গুলির উপবিধিতে সদস্য নয় এমন ব্যক্তিদের মেয়াদী জমা যা রাখা আছে এককভাবে নিজের নামে বা যৌথভাবে সদস্য নয় এমন ব্যক্তি/সদস্যের নামে, তার সাপেক্ষে ঋণ প্রদান করার একটি ধারা থাকতে হবে।

(iv) SEB গুলিকে এই অগ্রিমের নিরিখে সবসময় অনুপাতিক সম্পদ সংরক্ষণ করতে হবে যেমন নির্ধারিত হয়েছে তাদের পরিষদ দ্বারা।

(v) সদস্য নয় এমন ব্যক্তিদের মেয়াদী জমার সাপেক্ষে অগ্রিম প্রদান ভিন্ন অন্য ঋণ পরিষেবা গ্রাহ্য হবে না।

3. আগস্ট 8, 2001 তারিখাঙ্কিত সার্কুলার UBD.No.BL.(SEB)5A/07.01.00-2001/02-এর অন্য শর্তগুলি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ.জি.রে)

দায়িত্বপ্রাপ্ত মহাপ্রবন্ধক